

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
দুর্যোগ ব্যবস্থাপনা ভবন
৯২-৯৩ মহাখালী বা/এ, ঢাকা-১২১২।
www.ddm.gov.bd

স্মারক নং- ৫১.০১.০০০০.০১৮.২০.০০৬-১৭- ৪৮

তারিখ : ৪ জৈষ্ঠ্য ১৪২৪ বং।
১৮/০৫/২০১৭ খ্রিঃ।

প্রেরক : গিয়াসউদ্দিন আহমেদ
পরিচালক (ভিজিডি)

প্রাপক : জেলা প্রশাসক
সিলেট /সুনামগঞ্জ /মৌলভীবাজার/ কিশোরগঞ্জ /নেত্রকোনা।


বিষয় : পাহাড়ী ঢল ও অতিবৃষ্টির কারণে বন্যায় ক্ষতিগ্রস্ত ০৬টি জেলার মধ্যে ০৫টি জেলায় ক্ষুদ্র কৃষক ও মৎস্যজীবী পরিবারকে ভিজিএফ কর্মসূচির আওতায় পরিবার প্রতি ৩০ কেজি হারে ভিজিএফ চাল বরাদ্দকরণ।

সূত্র : দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের স্মারক নং ৫১.০০.০০০০.৪২১.১৪.০১৩.১৫-১৮৯ তারিখ: ১৬/০৫/২০১৭ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, পাহাড়ী ঢল ও অতিবৃষ্টির কারণে বন্যায় ক্ষতিগ্রস্ত ০৬টি জেলার মধ্যে ০৫(পাঁচ)টি জেলার ৫০,০০০(পঞ্চাশ হাজার) ক্ষুদ্র কৃষক ও মৎস্যজীবী পরিবারকে পরিবার প্রতি ৩০ কেজি হারে ০৩(তিন)মাসের জন্য (মে, জুন ও জুলাই/২০১৭) মোট (৫০,০০০×৩০×৩) = ৪,৫০০ (চার হাজার পাঁচশত) মে:টন ভিজিএফ চাল সংশ্লিষ্ট জেলা প্রশাসকগণের অনুকূলে নিম্নোক্ত বিভাজন ও শর্তে বরাদ্দ প্রদান করা হলোঃ

| ক্র:নং | জেলার নাম | ক্ষতিগ্রস্ত মৎস্যজীবী ও ক্ষুদ্র কৃষক পরিবারের সংখ্যা | ৩০ কেজি হারে (মে-জুলাই/২০১৭) ০৩মাসের জন্য বরাদ্দকৃত চাল (মে:টন) |
|--------|------------|--|---|
| ১ | সিলেট | ৫,০০০ | ৪৫০ |
| ২ | সুনামগঞ্জ | ১৮,০০০ | ১,৬২০ |
| ৩ | মৌলভীবাজার | ৪,০০০ | ৩৬০ |
| ৪ | কিশোরগঞ্জ | ১৫,০০০ | ১,৩৫০ |
| ৫ | নেত্রকোনা | ৮,০০০ | ৭২০ |
| | মোট = | ৫০,০০০ | ৪,৫০০ মে:টন |

- ২। জেলা প্রশাসকগণ বরাদ্দকৃত ভিজিএফ চাল বিতরণে সার্বিক তদারকীসহ ক্ষতিগ্রস্ত মৎস্যজীবী ও ক্ষুদ্র কৃষক পরিবারসমূহকে সঠিকভাবে ইউনিয়ন ও ওয়ার্ডভিত্তিক বিতরণ কার্যক্রম সম্পাদন করবেন। মানবিক সহায়তা কর্মসূচি বাস্তবায়ন নির্দেশিকা ২০১২-২০১৩ অনুসরণপূর্বক যথানিয়মে বিতরণের জন্য আগামী ৩০/০৬/২০১৭ তারিখের মধ্যে উত্তোলন করতে পারবেন এবং বিতরণ শেষে নিরীক্ষার জন্য প্রয়োজনীয় হিসাব সংরক্ষণ করবেন।
- ৩। জেলা প্রশাসকগণ জুলাই মাসের বরাদ্দ ৩০ জুনের মধ্যে উত্তোলন করবেন এবং জুলাই মাসের প্রথম সপ্তাহে বিতরণ করবেন।
- ৪। মঞ্জুরীকৃত চালের ব্যয় চলতি ২০১৬-২০১৭ অর্থ বছরের “৪৯০৩- ত্রাণ ও পুনর্বাসন কার্যক্রম-০০০৭- ভিজিএফ কার্যক্রম- ৫৯০০- সাহায্য মঞ্জুরী- ৫৯৪৪-ভিজিএফ” খাত হতে নির্বাহ করতে হবে।
- ৫। ট্যাগ অফিসারের উপস্থিতিতে চাল বিতরণ নিশ্চিত করতে হবে।
- ৬। খাদ্যশস্যের পরিবহন ব্যয় মন্ত্রণালয় হতে মঞ্জুরী প্রাপ্তি সাপেক্ষে পরবর্তীতে বরাদ্দ প্রদান করা হবে।
- ৭। খাদ্যশস্য বিতরণের ৭ কর্মদিবসের মধ্যে বিতরণ প্রতিবেদন অধিদপ্তরে প্রেরণ নিশ্চিত করতে হবে।
- ৮। এতে মহাপরিচালক মহোদয়ের সদয় অনুমোদন রয়েছে।


২৪/০৫/২০১৭
(গিয়াসউদ্দিন আহমেদ)
পরিচালক(ভিজিডি)
ফোন: ৯৮৬০২০৯।

ই-মেইল: dvgrf@ddm.gov.bd



স্মারক নং- ৫১.০১.০০০০.০১৮.২০.০০৬.১৭- ৪৮

৪ জৈষ্ঠা ১৪২৪ বং।

তারিখ : ১৮/০৫/২০১৭ খ্রিঃ।

সদয় জ্ঞাতার্থে/ কার্যার্থে:-

- ১। সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর, ১৬ আব্দুল গনি রোড, ঢাকা।
- ৩। মহাপরিচালক (যুগ্ম সচিব), এফপিএমইউ, খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। বিভাগীয় কমিশনার, ঢাকা / ময়মনসিংহ/সিলেট।
- ৫। মাননীয় মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৬। পরিচালক, সরবরাহ, বন্টন ও বিপণন, খাদ্য অধিদপ্তর, ১৬ আব্দুল গনি রোড, ঢাকা।
- ৭। জেলা খাদ্য নিয়ন্ত্রক, সিলেট /সুনামগঞ্জ /মৌলভীবাজার/ কিশোরগঞ্জ /নেত্রকোনা।
- ৮। উপজেলা নির্বাহী কর্মকর্তা, ----- জেলা ----- ।
- ৯। কম্পিউটার প্রোগ্রামার, অত্র অধিদপ্তর। তাঁকে আদেশটি দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের ওয়েবসাইটে Upload ও প্রাপকের বরাবরে ই-মেইলে প্রেরণের জন্য অনুরোধ করা হলো।
- ১০। জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা, সিলেট /সুনামগঞ্জ /মৌলভীবাজার/ কিশোরগঞ্জ /নেত্রকোনা।
- ১১। উপজেলা খাদ্য নিয়ন্ত্রক -----জেলা----- ।
- ১২। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা -----জেলা----- ।

১৮.৫.১৭

(মোঃ হাম্মাদুল বাকী)

উপ-পরিচালক (ডিজিডি-১)

ফোন : ৯৮৪৩১৪৪।